গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# অধ্যক্ষের কার্যালয়

# সরকারি দেবেন্দ্র কলেজ

## মানিকগঞ্জ

## স্থাপিত : ১৯৪২ খ্রি.

ওয়েব : www.debendracollege.gov.bd, টেলিফোন : ৯৯৬৬১০৪০৪
ই-মেইল : debendracollege@gmail.com, debendracollege@yahoo.com
কলেজ কোড (জা:বি) : ৫৮০১, কলেজ কোড (ঢাকা বোর্ড) : ৪০০০, EIIN NO : ১১১০০০

সূত্র :- সদেক/২০২৬/প্রশা-৫/৪১২ তারিখ : ১৭-০৫-২০২৬ খ্রি.

### ক্যান্টিন বরাদ্দের দরপত্র

সরকারি দেবেন্দ্র করেজ, মানিকগঞ্জ-এর ক্যান্টিন, পরিচালনার জন্য মাসিক ভাড়া পরিশোধ পদ্ধতিতে অস্থায়ী ভাবে বরাদ্দ দেওয়া হবে। ক্যান্টিনে ছাত্র-ছাত্রী, সম্মানিত শিক্ষকমণ্ডলী, কর্মকর্তা ও কর্মচারীদের চাহিদার ভিত্তিতে মানসম্মত খাবার, নাস্তা, চা, কফি ও অন্যান্য বৈধ সামগ্রী বিক্রয় করা যাবে। ক্যান্টিনের বরাদ্দ পেতে আগ্রহী 'ক্যান্টিন' পরিচালনায় অভিজ্ঞ ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট থেকে নিজস্ব প্যাডে নিম্নোক্ত শর্তে Request for Quotation পদ্ধতিতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র প্রস্তাব/সিডিউল অফিস চলাকালীন সময়ে ৩০০/- (তিনশত) টাকার বিনিময়ে প্রশাসন শাখা থেকে সংগ্রহণপূর্বক প্রয়োজনীয় অংশ পূরণ করে আগামী ২১-০৫-২০২৬ তারিখ বৃহস্পতিবার দুপুর ০২:০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে নির্ধারিত বক্সে জমা দিতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত দরপত্র প্রস্তাব/সিডিউল বাতিল বলে গণ্য হবে। আগামী ২৪-০৫-২০২৬ তারিখ রবিবার সকাল ১১.০০ টায় দরপত্র প্রস্তাব/সিডিউল বক্স উপস্থিত দরদাতাদের সম্মুখে খোলা হবে এবং যাচাইপূর্বক ক্যান্টিন বরাদ্দ করা হবে।

#### সাধারণ শর্তসমূহ :

১. ক্যান্টিনে স্বাস্থ্যকর পরিবেশ সংরক্ষণ করতে হবে এবং মানসম্মত খাবার পরিবেশন করতে হবে।
২. ক্যান্টিনের খাবারের দাম প্রচলিত বাজারদরের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
৩. খাবারের মূল্য তালিকা দেয়ালে বা দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখতে হবে। কলেজ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কোন খাবারের দাম বৃদ্ধি করা যাবে না।
৪. ক্যান্টিনের মাসিক ভাড়া ৪ (চার) মাসের অগ্রীম প্রদান করতে হবে।
৫. ক্যান্টিনের বিদ্যুত বিল নিয়মিত পরিশোধ করতে হবে।
৬. সিলিন্ডার গ্যাস ও অন্যান্য জ্বালানি নিজস্ব ব্যবস্থাপনায় ব্যবস্থা করতে হবে।
৭. ১৫ ফিট × ১০ ফিট একটি ঘর কলেজ কর্তৃপক্ষ নির্মাণ করে দিবে। তবে ঘরের ভেতর বসার কোন ব্যবস্থা থাকবে না।
৮. অত্র কলেজের ছাত্র-ছাত্রী, শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারী ব্যতীত বহিরাগতদের প্রবেশে ক্যান্টিন পরিচালনাকারী কর্তৃপক্ষ বিধিনিষেধ আরোপ করবে।
৯. কোন রাজনৈতিক কার্যক্রম ও রাষ্ট্র বিরোধী কার্যক্রম, মিছিল, মিটিং ক্যান্টিন এলাকায় নিষিদ্ধ থাকবে।
১০. বিনা অনুমতিতে কলেজের কোন মালামাল ক্যান্টিনে ব্যবহার ও ক্ষয়ক্ষতি করা যাবে না।
১১. ক্যান্টিনের লাভ বা ক্ষতি ক্যান্টিন পরিচালনাকারী কর্তৃপক্ষের।
১২. ক্যান্টিনের পরিচালনাকারীর বৈধ ট্রেড লাইসেন্স ও প্রয়োজনীয় অন্যান্য বৈধ সকল কাগজপত্র থাকতে হবে।
১৩. কলেজের একটি কমিটি নিয়মিতভাবে ক্যান্টিন মনিটরিং করবেন।
১৪. কোন কর্মচারী ক্যান্টিনে বসবাস করতে পারবে না।
১৫. রমজান মাসে রোজার পবিত্রতা রক্ষা করার জন্য ক্যান্টিন খোলা রাখা যাবে না। এ জন্য রমজান মাসের ভাড়া মওকুফ থাকবে।
১৬. ক্যান্টিন চলাকালীন ক্যান্টিনে সরবারহকৃত খাদ্যের গুণাগুণ মান যাচাই করার জন্য কলেজ কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধি যে কোন সময়ে ক্যান্টিনে প্রবেশ করে খাদ্যমান পরীক্ষা করতে পারবেন।
১৭. ক্যান্টিনের কোন অংশ সাবলেট দিতে পারবেন না। প্রচারের জন্য বাহিরে সাইন বোর্ড বা লিফলেট লাগানো যাবে না।
১৮. সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠানের সঙ্গে কলেজ কর্তৃপক্ষের ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদিত হবে।
১৯. চুক্তির মেয়াদ হবে ১ (এক) বছর। কর্তৃপক্ষ সন্তোষজনক মনে করলে প্রতি বছর চুক্তি নবায়ন করবেন।
২০. ক্যান্টিন- বরাদ্দ পেতে আগ্রহীদের মধ্যে থেকে সর্বোচ্চ মাসিক ভাড়া প্রস্তাবকারী ও বৈধ প্রয়োজনীয় কাগজপত্রের অধিকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানকে চুক্তি সম্পাদনের জন্য মনোনীত করা হবে। মনোনীত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের পূর্বে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত হিসেবে ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।
২১. মাসিক ভাড়া ন্যূনতম ৪,০০০/-(চার হাজার) টাকা বা তার চেয়ে বেশি টাকা প্রস্তাব করতে হবে। অন্যথায় প্রস্তাব বাতিল বলে গণ্য হবে। ভাড়া সংশ্লিষ্ট মাসের ৭ তারিখের মধ্যে অগ্রীম প্রদান করতে হবে।
২২. চুক্তিপত্র স্বাক্ষরের পর ক্যান্টিন পরিচালনার জন্য অনুমতি পত্র গ্রহণ করতে হবে। অনুমতি পত্রে উল্লেখিত তারিখ থেকে চুক্তির কার্যকারিতা শুরু হবে।
২৩. ক্যান্টিনের সার্বিক পরিবেশ উন্নয়নের জন্য বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠান কলেজ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ বা সংস্কার কাজ করতে পারবে তবে তা কখনো ভেঙ্গে ফেলা বা নষ্ট করা যাবে না, বা পরবর্তীতে দাবি রাখা যাবে না।
২৪. কলেজ কর্তৃপক্ষ প্রয়োজনীয় সংস্কার বা নির্মাণ কাজ করতে পারবে।
২৫. অগ্রীম মূল্য পরিশোধের মাধ্যমে খাবার বিক্রয় করতে হবে।
২৬. সরকারি ছুটির দিন ক্যান্টিন বন্ধ থাকবে।
২৭. টিফিন পিরিয়ডে লোকবলের সংকট হলে প্রয়োজনে ক্যান্টিন বন্ধ রেখে উচ্চ মাধ্যমিক ভবনে খাবার সরবরাহ করতে হবে। তবে যথেষ্ট লোকবল থাকলে ক্যান্টিন খোলা রাখা যাবে।
২৮. যে কোন ধরনের ধুমপান বা নেশা জাতীয় দ্রব্য বিক্রি সম্পূর্ণ নিষিদ্ধ।
২৯. কলেজ কর্তৃপক্ষ যে কোন সময় উপরিউক্ত শর্তসমূহ পরিবর্তন/পরিমার্যন এবং এ চুক্তি বাতিল বা ক্যান্টিন বন্ধ করতে পারবে। উপরিউক্ত শর্তসমূহ মেনে নিম্নোক্ত ছকে দরপত্র প্রস্তাব প্রেরণ করা যাবে (কপি সংযুক্ত)।

১৭.০৫.২৬

(প্রফেসর ড. মুহম্মদ মাহফিল খান)
আইডি নং-৯৩০৪
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ

প্রফেসর ড. মুহম্মদ মাহফিল খান
আইডি নম্বর : ৯৩০৪
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

PAD-2026